

মস্ত বোকা ডাক্তার

আহমেদ সাবের

নামটি তাহার আলী হোসেন আখতার
সবাই বলে লোকটা নাকি মস্ত বোকা ডাক্তার ।

ঘন্টা ধরে দেখে রোগী, টিপে নাড়ি ভুড়ি,
মুখটা খোলায়, জিহ্বা দেখে ধরে মিনিট কুড়ি ।
তার পরেও হাজার কথা, প্রশ্ন করে নানা
চিকিৎসাটা করতে হলে ইতিহাস চাই জানা ।
এত ধৈর্য্য মিলবে কাহার পাল্লা দিতে বাক তার ?
সবাই বলে লোকটা নাকি মস্ত বোকা ডাক্তার ।

এর পরেও দেয়না ওষুধ, লোকটা কঠিন বড়
মিলবে ওষুধ যদিই হয় রোগটা বড় সড় ।
ছোট খাট অসুখ হলে মিলবে গুলি চার
অনুরোধ করলে পরে মিলবে তাও ধার ।
“পয়সা যদি নাই থাকে, নাইবা দিলে” - হাঁক তার ।
সবাই বলে লোকটা নাকি মস্ত বোকা ডাক্তার ।

সংসারে তার নাই কোন সুখ, নিত্য অভাব লেগে
ভাল মন্দ পায়না বলে সন্তানেরা রেগে ।
উনি বলেন ধৈর্য্য ধরো, সেবার বড় গুন নাই
বউটি বলে রাখো ওসব, সংসারেতে টাকা চাই ।
সবাই রাগ তাহার উপর, বাজায়না কেউ ঢাক তার
সবাই বলে লোকটা নাকি মস্ত বোকা ডাক্তার ।

এর পরেও রোগী সারে, সবাই বলে খোদার দান
চামার বেটা দেয়নি ওষুধ, তবুও তার বাঁচলো প্রাণ ।
ওষুধটা পায়নি বলে ভোগান্তিটা খুব হলো
এমন একটা লোকের কাছে আবারো কি যাই বলো !
পশার তাহার কমছে বটে, দারুন খারাপ লাক তার
সবাই বলে লোকটা নাকি মস্ত বোকা ডাক্তার ।